# AKASHVANI(AIR)
# RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 03-07-2026** **Time: 1.30 PM**

## বিশেষ বিশেষ খবরঃ-

১) সুস্থায়ী এবং সমৃদ্ধ ভারত – প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল গড়ে তোলার লক্ষে সমমনোভাবাপন্ন দেশগুলির মধ্যে সহযোগিতা বৃদ্ধির ওপর ভারত – জাপান বার্ষিক শীর্ষ সম্মেলনে জোর দেওয়া হয়েছে।

২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল রাজস্থান ও গুজরাট সফর করবেন।

৩) বিধানসভা শুধু আলোচনার মঞ্চ নয়, সমাধান সূত্র বের করারও জায়গা – পশ্চিমবঙ্গ বিধানসভার নব নির্বাচিত বিধায়কদের দুদিনের প্রশিক্ষণ কর্মসূচীর সূচনা করে বললেন লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা।

৪) পাকিস্তানে এক ভয়াবহ পথ দুর্ঘটনায় অন্তত ৪০ জনের মৃত্যু, আহত ৮।

৫) 'অপারেশন আমিসতাদ'-এর আওতায় ভূমিকম্প-বিধ্বস্ত ভেনেজুয়েলায় মানবিক সহায়তার পরিমান বাড়িয়েছে ভারত। ভূমিকম্পে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ২ হাজার ৫৯৫।

৬) ফিফা বিশ্বকাপ ফুটবলের রাউন্ড অফ থার্টি টু-র ম্যাচে সুইজ্যারল্যান্ড ২-০ গোলে আলজেরিয়াকে হারিয়ে দিয়েছে। অন্য খেলায় আজ অস্ট্রেলিয়া মিশরের মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং জাপানের প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচি সবধরনের সন্ত্রাসবাদের নিন্দা করেছেন। ভারত-জাপান বার্ষিক শীর্ষ সম্মেলনে যৌথ বিবৃতিতে দুই নেতা, গতবছর ২২ শে এপ্রিল জম্মু-কাশ্মীরের পাহেলগাঁওয়ে জঙ্গী হামলার তীব্র নিন্দা জানান। এ প্রসঙ্গে তারা ২০২৫-এর ২৯ শে জুলাই রাষ্ট্রসংঘের নিরাপত্তা পরিষদে নজরদারি দলের রিপোর্টের কথাও উল্লেখ করেন।

এছাড়াও গতবছরের ১০-ই নভেম্বর দিল্লীর লালকেল্লায় গাড়ি বোমা বিস্ফোরণের ঘটনার নিন্দা করেন তাঁরা। এই সমস্ত ঘটনার সঙ্গে জড়িত অপরাধীদের বিচারের আওতায় আনার আহ্বান জানানো হয়।

আলকায়েদা, আইসিস, জইশ-ই-মহম্মদ, লস্কর-ই-তৈবা সহ রাষ্ট্রসংঘের চিহ্নিত জঙ্গী গোষ্ঠীগুলির বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেওয়ার ব্যাপারে একমত হয়েছেন দুই নেতা।

সুস্থায়ী এবং সমৃদ্ধ ভারত প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল গড়ে তোলার লক্ষ্যে সমমনোভাবাপন্ন দেশগুলির মধ্যে সহযোগিতা বৃদ্ধির ওপর গুরুত্ব দেন দুই প্রধানমন্ত্রী। কোয়াড গঠন কাঠামোর আওতায় গৃহীত বিভিন্ন কর্মসূচীর অগ্রগতির বিষয়ে তারা সন্তোষ ব্যক্ত করেন।

আঞ্চলিক স্থিতিশীলতা ও শান্তি বজায় রাখার জন্য আশিয়ান গোষ্ঠীভুক্ত দেশগুলির সুসংহত পদক্ষেপ নেওয়া উচিত বলে উভয় নেতাই মত ব্যক্ত করেছেন।

oooooooooooooooo

ভারত এবং জাপান, দুদেশের বিশেষ কৌশলগত এবং আন্তর্জাতিক অংশীদারিত্বের মূল ভিত্তি হিসাবে অর্থনৈতিক নিরাপত্তাকেই গুরুত্ব দিয়েছে। অর্থনৈতিক নিরাপত্তা সহযোগিতা সংক্রান্ত এক যৌথ ঘোষণাপত্রে উভয় দেশ জানিয়েছে, এক্ষেত্রে পারস্পারিক আস্থা, অভিন্ন মূল্যবোধ এবং অভিন্ন স্বার্থ বিশেভাবে গুরুত্বপূর্ণ। দুদেশের সমৃদ্ধি, নিরাপত্তা এবং অর্থনৈতিক ভবিষ্যত্ একে অপরের সঙ্গে গভীরভাবে সম্পৃক্ত। উভয় পক্ষই সেমি কন্ডাক্টর, বিরল খনিজ, তথ্য এবং যোগাযোগ প্রযুক্তি, পরিবেশবান্ধব জ্বালানী এবং ফার্মাসিউটিক্যালস এই পাঁচটি ক্ষেত্রে দ্বিপাক্ষিক সহযোগিতা আরও মজবুত করার বিষয়ে একমত হয়েছে।

ooooooooooooooooo

জাপানের প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচি ভারত সফর শেষে দেশে ফিরে গেছেন। বিমানবন্দরে তাঁকে বিদায় জানান ভারতের কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ড. জিতেন্দ্র সিং। সমাজমাধ্যমের মাধ্যমের এক বার্তায় বিদেশমন্ত্রক জানিয়েছে, এই সফর দুই দেশের মধ্যে অংশীদারিত্বকে আরও দৃঢ় করেছে—যা উভয় দেশের উন্নয়ন ও সমৃদ্ধির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।

oooooooooooooooo

ষোড়শ ভারত-জাপান বার্ষিক শীর্ষ সম্মেলন সফলভাবে নতুনদিল্লিতে অনুষ্ঠিত হওয়ার পর জাপানের বেশ কয়েকটি সংবাদপত্র ও গণমাধ্যম ইতিবাচক প্রতিবেদন প্রকাশ করেছে। এই প্রতিবেদনগুলিতে কৌশলগত ও অর্থনৈতিক বিভিন্ন ক্ষেত্রে উভয় দেশের দ্বিপাক্ষিক সম্পর্কের ধারাবাহিক অগ্রগতির বিষয়টি বিশেষভাবে জোর দেওয়া হয়েছে।

দি জাপান টাইমস তাদের প্রতিবেদনে উল্লেখ করেছে, সরবরাহ শৃঙ্খল সমস্যা, জ্বালানি নিরাপত্তা এবং চীনের ক্রমবর্ধমান প্রভাব নিয়ে উদ্বেগের মধ্যে জাপানের প্রধানমন্ত্রী তাকাইচি নতুনদিল্লিতে প্রধানমন্ত্রী মোদির সঙ্গে বৈঠকে জাপানের অন্যতম গুরুত্বপূর্ণ ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের অংশীদারের সঙ্গে সম্পর্ক জোরদার করার পদক্ষেপ নিয়েছেন।

কিয়োডো নিউজ জানিয়েছে, এই অঞ্চলে চীনের ক্রমবর্ধমান সামরিক ও অর্থনৈতিক প্রভাবের মধ্যে একটি মুক্ত ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চল গড়ে তোলার ক্ষেত্রে জাপান ভারতকে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশীদার হিসেবে বিবেচনা করে।

oooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল রাজস্থান এবং গুজরাত সফর করবেন। রাজস্থানে তিনি যোধপুর বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবনের উদ্বোধন করবেন। ৪৮০ কোটি টাকার নির্মিত এই টার্মিনাল দিয়ে বছরে ২০ লক্ষ যাত্রী যাতায়াত করতে পারবেন। যোধপুরে প্রধানমন্ত্রী সংশোধিত উড়ান প্রকল্পের সূচনা করবেন।

রাজস্থান সফরকালে তিনি বালোত্রায় এক দশমিক ০/৬ লক্ষ কোটি টাকার একাধিক উন্নয়ন মূলক প্রকল্পেরও শিলান্যাস এবং উদ্বোধন করবেন। প্রকল্পগুলির মধ্যে পেট্রো কেমিক্যাল, পরিবহন, রেল, সড়ক, পুনর্নবীকরণযোগ্য শক্তি ইত্যাদি। তিনি জয়পুর মেট্রো রেল প্রকল্পের দ্বিতীয় পর্যায়েরও শিলান্যাস করবেন। এই প্রকল্পের মাধ্যমে শিল্প এবং আবাসিক অঞ্চলের মধ্যে যোগাযোগ স্থাপন করা সম্ভব হবে। এই প্রকল্পে ৩৬ টি স্টেশন থাকবে। খরচ পড়বে ১৩ হাজার কোটি টাকা।

আগামীকালই সন্ধ্যায় প্রধানমন্ত্রী গুজরাটে যাবেন। সেখানে সানন্দে সিজি সেমি আউটসোর্স সেমি কনডাক্টর অ্যাসেম্বলি অ্যান্ড টেস্ট ফেসিলিটির সূচনা করবেন। এর মাধ্যমেই ভারতের সেমি

কনডাক্টর উৎপাদনের নতুন দিগন্ত উন্মোচিত হবে। এই প্রকল্পের জন্য ৭ হাজার ৫০০ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামন বলেছেন, ভারত -ফ্রান্স কৌশলগত অংশীদারিত্ব,স্থিতিশীল,সক্ষম এবং উদ্ভাবন কেন্দ্রীক উন্নতীর লক্ষ্যে পরবর্তী পর্যায়ের দিকে এগিয়ে চলেছে। প্যারিসে ভারত-ফ্রান্স বাণিজ্য রাউন্ড টেবিল বৈঠকে তিনি বলেন,বিশ্ব অর্থনীতি দ্রুত পরিবর্তন হচ্ছে।এর কারন প্রযুক্তিগত উন্নয়ন, সরবরাহ শৃঙ্খলে বৈচিত্র্য, শক্তিক্ষেত্রে রূপান্তর এবং ভূরাজনৈতিক বিকাশ ইত্যাদি।
শ্রীমতী সীতারামন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের লক্ষ্যে ফরাসী ব্যবসায়ী এবং বিনিয়োগকারীদের ভারতে লগ্নির আবেদন জানান। তিনি বলেন, ভারত ও ফ্রান্স আন্তর্জাতিক কৃত্রিম বুদ্ধিমত্তার দিক নির্দেশিকায় একযোগে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। দু'দেশ বিশ্বাসযোগ্য এআই,ডিজিটাল পরিকাঠামো, পরবর্তী প্রজন্মের প্রযুক্তি ক্ষেত্রে অংশীদার হিসেবে কাজ করছে।

০০০০০০০০০০০০০০০

যুব বিষয়ক দপ্তর আজ নতুন দিল্লীতে মাই ভারত ইন্ড্রাস্ট্রি অ্যাসোসিয়েশন কনক্লেভের আয়োজন করেছে। অ্যাসোচেম, ফিকি, সিএআইটি এবং বণিক সংগঠন সিআইই এই কনক্লেভে যোগ দিয়েছে। শিল্প সংস্থাগুলিকে মাই ভারত ব্যবস্থাপনায় যোগদানের লক্ষ্যেই এই কনক্লেভ। এই সম্মেলনে সবচেয়ে বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে যুবদের উন্নয়নের ওপর। অনুষ্ঠানে যোগ দিয়ে কেন্দ্রীয় যুব বিষয়ক এবং ক্রীড়া মন্ত্রী ডক্টর মনসুখ মান্ডবিয়া বলেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনের লক্ষ্যে যুবরা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। তিনি বলেন, শিল্প এবং মাই ভারতের সহযোগিতায় দেশের উন্নয়নের লক্ষ্যে পৌঁছনো সম্ভব হবে।

০০০০০০০০০০০০০০০

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ পশ্চিমবঙ্গ বিধানসভায় নবনির্বাচিত বিধায়কদের দুদিনের প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেছেন।

নিউটাউনে বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে কর্মসূচির উদ্বোধন করে তিনি বলেন, বিধানসভা শুধু আলোচনার মঞ্চ নয়, সমাধান সূত্র বের করারও জায়গা।

(বাইট - ওম বিড়লা)

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেন, নতুন বিধায়কদের পরিষদীয় রীতি-নীতি ও নিয়মকানুন সম্বন্ধে ওয়াকিবহাল করা তোলার লক্ষ্যে এই কর্মসূচির আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানে রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশ, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজেজু, বিধানসভার অধ্যক্ষ রথীন্দ্র বোস, বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায় প্রমুখ উপস্থিত ছিলেন।

বিধায়কদের ভূমিকা, প্রশ্নোত্তর ও অন্যান্য পরিষদীয় রীতিনীতি, বিল, আর্থিক কার্যপ্রণালী ও বাজেট প্রক্রিয়া, বিধায়কদের বিশেষাধিকার, নৈতিকতা এবং জাতীয় ই-বিধান অ্যাপ্লিকেশন (নেভা) সহ একাধিক কর্মসূচী থাকছে।

০০০০০০০০০০০০০০০

পাকিস্তানের শেরানি-ঝোব মহাসড়কে আজ এক ভয়াবহ পথদুর্ঘটনায় অন্তত ৪০ জন প্রাণ হারিয়েছেন। আহত আরও ৮ জন । বালুচিস্তান ও খাইবার পাখতুনখোয়া সীমান্তের কাছাকাছি দানাসার এলাকায় একটি যাত্রীবাহী বাস গভীর খাদে পড়ে গেলে এই দুর্ঘটনাটি ঘটে। দুর্ঘটনাস্থল থেকে ইতোমধ্যে ৪০ জনের দেহ উদ্ধার করা হয়েছে। আহতদের চিকিৎসার জন্য ঝোব-এর ট্রমা সেন্টারে স্থানান্তর করা হয়েছে। অ্যাম্বুলেন্স ও আপৎকালীন উদ্ধারকারী দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছেছে এবং উদ্ধার অভিযান চলছে ।

০০০০০০০০০০০০০০০

জম্মু-কাশ্মীরের পহেলগাঁও ও বালতাল উভয় রুট থেকে পবিত্র অমরনাথ যাত্রা আজ সকালে আনুষ্ঠানিকভাবে শুরু হয়েছে। দেশের বিভিন্ন প্রান্ত থেকে লক্ষ লক্ষ পুন্যার্থী ৫৭ দিনব্যাপী তীর্থযাত্রায় অমরনাথ গুহা মন্দিরে পবিত্র শিবলিঙ্গ দর্শন করবেন। ২৮ শে আগস্ট অমরনাথ যাত্রা শেষ হবে।

প্রথম ব্যাচের তীর্থযাত্রীরা গতকাল কড়া নিরাপত্তায় অনন্তনাগের নুনওয়ান এবং গান্দেরবাল জেলার বালতাল-এ দুটি বেস ক্যাম্পে পৌঁছন। এই দলে মোট ৪ হাজার ৮২২ জন পুন্যার্থী রয়েছেন।

যাত্রা নিরাপদ ও নির্বিঘ্ন রাখতে প্রশাসনের তরফে ব্যাপক বন্দোবস্ত করা হয়েছে। দুটি রুটেই বিশ্রামের ব্যবস্থা, খাবারের স্টল, স্বাস্থ্য পরিষেবার সুবিধা রয়েছে।

০০০০০০০০০০০০০০০

উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন জম্মু ও কাশ্মীরে বার্ষিক অমরনাথ যাত্রায় অংশ নেওয়া সকল পুণ্যার্থী ও ভক্তদের শুভেচ্ছা জানিয়েছেন। সামাজিক মাধ্যমে দেওয়া এক পোস্টে উপরাষ্ট্রপতি

বলেন, অমরনাথ যাত্রা হলো ভারতের অন্যতম পবিত্র ও প্রাচীনতম তীর্থযাত্রা। এটি দেশের চিরন্তন আধ্যাত্মিক ঐতিহ্য এবং বিশ্বাস ও ভক্তির সুদৃঢ় পরম্পরাকে প্রতিফলিত করে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, বার্ষিক অমরনাথ যাত্রায় অংশ নেওয়া পুন্যার্থীদের শুভেচ্ছা জানিয়েছেন। তীর্থযাত্রীদের উদ্দেশ্যে এক চিঠিতে শ্রী মোদি, বার্ষিক অমরনাথ যাত্রাকে দেশের আধ্যাত্মিক ঐতিহ্যে ও সাংস্কৃতিক একতার এক চিরন্তন অধ্যায় হিসেবে বর্ণনা করেছেন। বরফানি বাবার দৈব দর্শন ভক্তদের জীবনে এক অবিস্মরণীয় অভিজ্ঞতা বলে তিনি জানান।

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, অমরনাথ যাত্রা হলো সনাতন সংস্কৃতির প্রতি অবিচল ভক্তি, ধৈর্য, সংযম এবং অদম্য চেতনার পবিত্র প্রতীক। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী শাহ উল্লেখ করেন, কেন্দ্র সরকার এই যাত্রার সম্পূর্ণ রুট বা পথ জুড়ে অত্যন্ত সুদৃঢ় ও নিটোল নিরাপত্তা ও সেবামূলক ব্যবস্থা গ্রহণ করেছে।

ooooooooooooooo

'অপারেশন আমিসতাদ'-এর আওতায় ভূমিকম্প-বিধ্বস্ত ভেনেজুয়েলায় ভারত তার মানবিক সহায়তার পরিমান আরও বাড়িয়েছে। চিকিৎসাসেবা ও ত্রাণ পাঠানোর বেশ কিছু ছবি সামাজিক মাধ্যমে ভাগ করে বিদেশমন্ত্রক জানিয়েছে, ভেনেজুয়েলার ক্ষতিগ্রস্ত জনগণের জন্য ভারতীয় সেনাবাহিনীর ফিল্ড হাসপাতাল ধারাবাহিকভাবে চিকিৎসা পরিসেবা দিয়ে যাচ্ছে। অন্যদিকে, ভেনেজুয়েলায় নিযুক্ত ভারতীয় দূতাবাস জানিয়েছে, ভারতের মানবিক ত্রাণ কর্মসূচি, পেশাদারিত্ব ও সেবার মানের জন্য সেদেশের সাধারণ মানুষের কাছ থেকে ব্যাপক প্রশংসা পেয়েছে।

ooooooooooooooo

ভেনিজুয়েলা'র দায়িত্বপ্রাপ্ত রাষ্ট্রপতি ডেলসি রড্রিগেজ,৭ দিনের রাষ্ট্রীয় শোক ঘোষণা করেছেন। গত ২৪ শে জুন পরপর দুটি শক্তিশালী ভূমিকম্পে কারাকাসে মৃতের সংখ্যা বেড়ে হয়েছে ২ হাজার ৫ শো ৯৫। আহত ১২ হাজারেরও বেশি। প্রায় ১৯০-টি বাড়ি ভেঙে পড়েছে। ১০ হাজারের বেশি মানুষ এখনও নিখোঁজ বলে কতৃপক্ষ জানিয়েছে। উদ্ধার কাজ চলছে।

ooooooooooooooo

ফিফা বিশ্বকাপ ফুটবলে রাউন্ড অফ থার্টি টু র ম্যাচে ভ্যাঙ্কুভার স্টেডিয়ামে আজ সুইজ্যারল্যান্ড ২-০ গোলে আলজেরিয়াকে হারিয়ে দিয়েছে।

অন্য খেলায়, অস্ট্রেলিয়া, মিশরের বিরুদ্ধে খেলবে। আর্লিংটন স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত সাড়ে **১১** টায়।

এছাড়া, গতবারের বিশ্বচ্যাম্পিয়ন আর্জেন্টিনা, আজ রাউন্ড অফ থার্টি টু-র ম্যাচে, কাবো ভার্দের বিরুদ্ধে খেলবে। মায়ামি স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত সাড়ে ৩ টেয়।

০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০